মেহেরপুরে সরকারি কলেজ শিক্ষকদের ৩ দিনের সর্বাত্মক কর্মবিতরতি শুরু

আন্তঃক্যাডার বৈষম্য নিরসন, সুপার নিউমারারি পদে পদোন্নতি, অধ্যাপক পদ তৃতীয় গ্রেডে উন্নীতকরন, অর্জিত ছটি প্রদান, ক্যাডার কম্পোজিশনের সুরক্ষা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও মাদরাসা অধিদপ্তরের নিয়োগ বিধি বাতিল, শিক্ষা ক্যাডার তফসিলভুক্ত পদ থেকে শিক্ষা ক্যাডার বহির্ভূতদের প্রত্যাহার ও প্রয়োজনীয় পদসৃজন বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের সকল ন্যায্য দাবি আদায়ে ৩ দিনের সর্বাত্মক কর্মবিতরতি শুরু করেছে মেহেরপুর বিসিএস সাধারণ শিক্ষা সমিতি।

গতকাল মঙ্গলবার শুরু হওয়া এ কর্মবিরতি তিন দিন চলবে। কর্মসূচির প্রথম দিন মেহেরপুর সরকারি কলেজের শিক্ষকরা ক্লাশসহ সকল ধরনের একাডেমিক কার্যক্রম বাদ দিয়ে শিক্ষক মিলনায়তনে অবস্থান নেয়।

এ সময় মেহেরপুর জেলা বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি আবদুল্লাহ আল অমিন সহ শিক্ষক নেতারা বলেন, বেঁধে দেওয়া সময়ের মধ্যে সরকার তাদের দাবিগুলো মেনে নেবে বলে তারা আশা করছেন। এরপরও দাবি আদায় না হলে কেন্দ্রীয় কমিটির সঙ্গে পরামর্শ করে আগামীতে কঠোর কর্মসূচি দেওয়া হবে। আর এই কর্মবিরতি শুধুমাত্র মেহেরপুর জেলার চারটি সরকারি কলেজে পালন করা হচ্ছে।

উল্লেখ্য এর আগে গত ২৬ সেপ্টেম্বর জেলা প্রেসক্লাব মেহেরপুরে সকাল এগারোটায় জেলা বিসিএস সাধারণ শিক্ষা সমিতির জেলা কমিটির নেতৃবৃন্দ দেশব্যাপী কর্মসূচির অংশ হিসেবে সংবাদ সম্মেলন করে তাদের দাবি ও পরবর্তী কর্মসূচী জানান।

সংবাদ সম্মেলনে শিক্ষকরা জানিয়েছিলেন এরপর গত ২ অক্টোবর সারা দেশে এক দিনের কর্মবিরতি পালন করবেন তারা। এই কর্ম বিরতি শুধুমাত্র সরকারি কলেজগুলোতে পালন করা হবে। মেহেরপুর জেলায় মেহেরপুর সরকারি কলেজ, মেহেরপুর সরকারি মহিলা কলেজ, গাংনী সরকারি ডিগ্রী কলেজ ও মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজে এই কর্মবিরতি পালনের আওতায় আসবে। এরপরও দাবি পূরণে দৃশ্যমান অগ্রগতি না হলে ১০, ১১ ও ১২ অক্টোবর টানা তিন দিনের কর্মবিরতি পালন করা হবে।